গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫-১৭২ তারিখঃ ২৫-০৪-২০১৬

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৭-০৪-২০১৬ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ০৩-০৫-২০১৬ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।

SRKhan
25/04/2016
(মোঃ সোহেলুর রহমান খান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৪। সচিব, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
০৯। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১০। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। উপ-সচিব (প্রশাসন),বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২১। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ ]।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১৭-০৪-২০১৬ তারিখে বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৫৪৭৬.২১ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭১৭৭.৫০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৮২৯৮.৭১ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে মার্চ, ২০১৬ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮৩১৯.০৩ কোটি টাকা যা মোট বরাদ্দের ৫৪%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৪৬৯২.৩৪ কোটি টাকা (৫৭%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ৩৬২৬.৬৮ কোটি টাকা (৫১%)। ভৌত অগ্রগতি হয়েছে ৫৬%। এডিপি বাস্তবায়ন অগ্রগতির জাতীয় গড় ৪১%, বিদ্যুৎ বিভাগ এর চেয়ে ১৩% বেশি। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ৫২ ও ৫৬%।

২.২ সভায় জানানো হয় যে, আরএডিপিভুক্ত মোট ৭৪টি প্রকল্পের মধ্যে ২৫টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য। তন্মধ্যে ৫টি প্রকল্পের অনুকূলে এখনো কোনো অর্থ বরাদ্দ দেয়া হয়নি, ২৭টি প্রকল্পের অগ্রগতি ৫০% এর নিচে এবং ২৯টি প্রকল্পের অগ্রগতি ৫০% এর বেশি।

২.৩ সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থাসমূহের মধ্যে বাবিউবো, ডিপিডিসি ও পিজিসিবি'র ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি বাস্তবায়নের সার্বিক অগ্রগতি অপেক্ষাকৃত কম হওয়ায় সভাপতি এডিপি বরাদ্দ ব্যয়ের কার্যক্রম আরো জোরদার করার জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণকে পরামর্শ প্রদান করেন। সভাপতি আলোচনায় অংশ নিয়ে বলেন যেসব এলাকায় কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হবে সেসব এলাকায় ভূমি অধিগ্রহণ করার পূর্বেই বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হলে পরিবেশের কোনো ক্ষতিকর প্রভাব পড়বেনা অথবা এলাকার জনগণের জানমালের কোনোরূপ ক্ষতি সাধন হবে না ও তদপুরি এলাকার উন্নয়নের জন্য পরিকল্পনা ইত্যাদি বিষয় বোঝানো ও জনগণ-কে সচেতন করার জন্য জনসচেতনামূলক কর্মসূচি (Campaign Plan) গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.১ | যেসব এলাকায় কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হবে সেসব এলাকায় ভূমি অধিগ্রহণ করার পূর্বেই বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হলে পরিবেশের উপর কোনো ক্ষতিকর প্রভাব পড়বেনা অথবা এলাকার জনগণের জানমালের কোনোরূপ ক্ষতি সাধন হবে না ও তদপুরি এলাকার উন্নয়নের পরিকল্পনা ইত্যাদি বিষয় বোঝানো ও জনগণ-কে সচেতন করার জন্য জনসচেতনামূলক কর্মসূচি (Campaign Plan) গ্রহণ করতে হবে। | বাবিউবো, সিপিজিসিএল, ইজিসিবি, নওপাজেকো, আরপিসিএল, এপিএসসিএল |

চলমান পাতা # ২

| | | |
|---|---|---|
| ৩.২ | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ডেফার্ড পেমেন্টে প্রি-পেমেন্ট মিটার ক্রয় ছাড়াও সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) পদ্ধতিতে প্রি-পেমেন্ট মিটার ক্রয়ের বিষয়টি পরীক্ষান্তে সংশ্লিষ্ট সংস্থাসমূহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। | বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ |
| ৩.৩ | এডিবি'র অর্থায়নে বাস্তবায়নাধীন যেসব প্রকল্পের বিভিন্ন বিষয়ে এডিবি'র সম্মতি পেতে বিলম্ব হচ্ছে সেসব প্রকল্পের বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে ইআরডি-তে একটি ডিও পত্র প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ |
| ৩.৪ | প্রি-পেমেন্ট মিটার কার্যক্রমের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে যথাশীঘ্রই একটি সভা আহবান করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ বিদ্যুৎ বিভাগ |

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী